

# Times Today BD

আলমগীর হান্নান | দেশজুড়ে | 25 June, 2025

দলীয় শৃঙ্খলা ভঙ্গ, দুর্নীতি, অযোগ্যতা ও সরকারি আইন কর্মকর্তাদের অনাস্থাসহ নানা অভিযোগ এনে জামালপুর জেলা জজ আদালতের পিপি (পাবলিক প্রসিকিউটর) অ্যাডভোকেট মো. আনিসুজ্জামান গামার পদত্যাগের দাবিতে তার অফিস কক্ষে প্রতীকী তালাবন্ধ করেছে জামালপুর জেলা আইনজীবী সমিতি ও জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম।

বুধবার (২৫ জুন) সকালে জেলা আইনজীবী সমিতি ও আইনজীবী ফোরামের যৌথ উদ্যোগে এ কর্মসূচি পালিত হয়। এ সময় জেলা জজ আদালতের পিপি অফিসকক্ষে তালা ঝুলিয়ে প্রতীকী তালাবন্ধের মাধ্যমে প্রতিবাদ জানানো হয়।

পরে জামালপুর জেলা আইনজীবী সমিতির প্রাঙ্গণে আয়োজিত এক সমাবেশে সভাপতিত্ব করেন আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট গোলাম নবী। বক্তব্য রাখেন জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম জামালপুর জেলা ইউনিটের সাবেক সাধারণ সম্পাদক ও অতিরিক্ত জিপি অ্যাডভোকেট দিদারুল ইসলাম দিদার, জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট রিশাদ রেজওয়ান বাবু, জেলা আইনজীবী ফোরামের আহ্বায়ক অ্যাডভোকেট আব্দুল হাইসহ আরও অনেকে।

বক্তারা বলেন, নানা অনিয়ম, দলীয় শৃঙ্খলা ভঙ্গ ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত মো. আনিসুজ্জামান গামাকে একাধিকবার পদত্যাগের আহ্বান জানানো হলেও তিনি পদত্যাগ না করায় আজ তার অফিস তালাবন্ধ করে প্রতীকী প্রতিবাদ জানানো হয়েছে।

তারা আরও জানান, পিপি গামা যদি স্বেচ্ছায় পদত্যাগ না করেন, তাহলে আগামীতে আরও কঠোর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে।

আইনজীবী সমিতি ও আইনজীবী ফোরাম অ্যাডভোকেট মো. আনিসুজ্জামান গামা পদত্যাগ দাবি জামালপুর

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 00:49

URL: <https://timestodaybd.com/across-the-country/3696126939>